রাসেল স্ট্রিটে ‘ফুড স্ট্রিট’–এর উদ্বোধনে কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। আছেন ডেপুটি মেয়র অতীন ঘোষ, মেয়র পারিষদ দেবাশিস কুমার, অসীম বসু, বরো চেয়ারম্যান সুস্মিতা ভট্টাচার্য, সানা আহমেদ, সাধনা বসু। বুধবার। ছবি: আজকাল

কলকাতায় প্রথম ফুড স্ট্রিট হাব

আজকালের প্রতিবেদন

চালু হয়ে গেল শহরের প্রথম ‘ফুড স্ট্রিট হাব’। বুধবার রাসেল স্ট্রিটে শহরের প্রথম ‘ফুড স্ট্রিট হাব’–এর উদ্বোধন করলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। এদিন মেয়র এই ফুড হাবের খাবারের স্টলগুলির হাতে শংসাপত্র তুলে দেন। এদিন ফুড স্ট্রিটের উদ্বোধন অনুষ্ঠানে ছিলেন মেয়র পারিষদ দেবাশিস কুমার, অসীম বসু, বরো চেয়ারম্যান সুস্মিতা ভট্টাচার্য।

ঝালমুড়ি, ফুচকা থেকে শুরু করে চাউমিনের মতো কলকাতার রাস্তায় নানারকমের খাবার বিক্রি হয়। রাস্তার এইসব খাবার খুবই জনপ্রিয়। স্ট্রিট ফুডের জন্য বিখ্যাত এইসব রাস্তাগুলো চিহ্নিত করে ফুড স্ট্রিট হাব করার উদ্যোগ নেয় পুর কর্তৃপক্ষ। রাসেল স্ট্রিট–সহ পাটুলি এবং টালা পার্কে ফুড স্ট্রিট হাব তৈরির কাজ শুরু হয়। শহরের ৩টি ফুড স্ট্রিট হাবের মধ্যে প্রথম রাসেল স্ট্রিট। ৩২টি বিভিন্ন খাবারের স্টল নিয়ে তৈরি রাসেল স্ট্রিট ফুড হাব। খোলা খাবারের দোকানগুলিকে সুসজ্জিত দোকান তৈরি করা হয়েছে। পুরসভা সুত্রে জানা গেছে, লটারির মাধ্যমে ওখানের খাবার বিক্রেতাদের স্টল দেওয়া হয়েছে। যেখানে খাবার বিক্রির সঙ্গে সঙ্গে পরিষ্কার–পরিচ্ছন্নতার দিকেও নজর রাখতে হবে বিক্রেতাদের। ইন্ডাকশনে রান্নার কাজ করতে হবে। ফুটপাতের খাবার বিক্রেতাদের একটা স্থায়ী জায়গা করে দেওয়া হল। এবার অপেক্ষা পাটুলি ও টালা ফুড স্ট্রিটের।

ফুড স্টল।

পুজো কমিটিগুলির সঙ্গে আজ বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

দুর্গাপুজোর প্রস্তুতি নিয়ে পুজো কমিটিগুলির সঙ্গে সমন্বয়–বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। আজ, বৃহস্পতিবার বিকেলে কলকাতার নেতাজি ইনডোর স্টেডিয়ামে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে হবে গুরুত্বপূর্ণ এই বৈঠক। এ বছরের দুর্গাপুজো সেপ্টেম্বরের শেষ সপ্তাহে। ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করে দিয়েছে পুজো কমিটিগুলি। সেই প্রস্তুতিতে যাতে কোনও ফাঁক না থাকে, তা নিয়েই মুখ্যমন্ত্রীর নেতৃত্বে হওয়া এই বৈঠকে থাকবেন রাজ্যের প্রশাসনিক শীর্ষকর্তারা, পুলিশ প্রশাসন, কলকাতা পুরসভা, দমকল বিভাগ, সিইএসসি, বিদ্যুৎ–বিভাগ, পরিবহণ ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা। উপস্থিত থাকবেন রাজ্যের বিভিন্ন পুজো কমিটির উদ্যোক্তারাও। এ বছরের বৈঠকের একটি বিশেষ দিক হল, বৈঠকে বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিদের উপস্থিতি। সামাজিক সম্প্রীতির ওপর গুরুত্ব দিতেই হিন্দু, মুসলিম, শিখ, খ্রিস্টান–সহ বিভিন্ন সম্প্রদায়ের দু’জন করে প্রতিনিধি আজকের বৈঠকে উপস্থিত থাকবেন বলে জানা গেছে। প্রতি বছরের মতো এবারও এই বৈঠক থেকে দুর্গাপুজোর অনুদানের কথা ঘোষণা করতে পারেন মুখ্যমন্ত্রী। প্রসঙ্গত, গত বছর পুজো কমিটিগুলি ৮৫ হাজার টাকা অনুদান পেয়েছিল। এ বছর অনুদানের পরিমাণ বাড়ার সম্ভাবনা রয়েছে। সূত্রের খবর, বৈঠকে মুখ্যমন্ত্রী নিজে পুজো কমিটির উদ্দেশে একগুচ্ছ দিকনির্দেশ ও অনুরোধ জানাতে পারেন। এছাড়াও পরিবেশবান্ধব পুজো, শব্দবিধি মেনে চলা, ট্রাফিক ও ভিড়–নিয়ন্ত্রণে সহযোগিতা, নিরাপত্তা নিশ্চিত করা, কলকাতা, শহরতলি এবং জেলার পুজো কমিটিগুলি যাতে পুজোর দিনগুলোয় প্রশাসনের সঙ্গে সমন্বয় রাখে, সেবিষয়ে বৈঠকে আলোচনা হতে পারে।

দক্ষিণেশ্বরে ভবতারিণী মন্দিরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বুধবার। ছবি: ভবতোষ চক্রবর্তী

বিধান রায়ের স্বপ্ন সার্থক করতে হবে: রাষ্ট্রপতি

অমিতকুমার ঘোষ ও সোহম সেনগুপ্ত
কৃষ্ণনগর ও দক্ষিণেশ্বর, ৩০ জুলাই

কল্যাণীতে এসে এইমসের পড়ুয়াদের ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্নকে সার্থক করার উপদেশ দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। পাশাপাশি ব্রিটিশ–বিরোধী সংগ্রামে অংশ নেওয়া নদিয়ার দুই সুসন্তান দীনবন্ধু মিত্র ও বাঘাযতীনকে স্মরণ করলেন তিনি। রাষ্ট্রপতি বুধবার কল্যাণীতে এসেছিলেন এমইসের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে। ভাষণ দিতে গিয়ে তিনি পড়ুয়াদের উদ্দেশে বলেন, ‘এখানকার পড়ুয়ারা যেন ডাক্তার হয়ে ধনী–গরিব নির্বিশেষে সকল মানুষের চিকিৎসায় নিজেদের উৎসর্গ করেন। দেশ গঠনে তারা যেন অগ্রণী ভূমিকা নেন।’ রাষ্ট্রপতি এদিন দীনবন্ধু মিত্রের লেখা ‘নীলদর্পণ’ নাটকের ভূমিকার উল্লেখ করেন। পাশাপাশি বাঘাযতীনের সংগ্রাম ও চৈতন্যদেবের কথাও উল্লেখ করেন তিনি।

সমাবর্তনে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। তিনি বলেন, ‘গত ১৩ বছরে এরাজ্যে অনেক মেডিক্যাল কলেজ হয়েছে। ডাক্তারির স্নাতক স্তরের আসন প্রায় পাঁচগুণ হয়েছে। স্নাতকোত্তর স্তরেও আসন সংখ্যা অনেক বেড়েছে। তার ফলে ডাক্তারের সংখ্যা বাড়ার পাশাপাশি স্বাস্থ্যের পরিকাঠামোও অনেক বেশি উন্নত হয়েছে। রাজ্য সরকারের স্বাস্থ্য সাথী প্রকল্পে এখন উপকৃত মানুষের সংখ্যা প্রচুর। স্বাস্থ্য সাথী কার্ড–এর মাধ্যমে বহু মানুষ এখন চিকিৎসা নিচ্ছেন এবং উপকৃত হচ্ছেন।’ উপস্থিত ছিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস, কেন্দ্রীয় মন্ত্রী প্রতাপ রাও যাদব, শান্তনু ঠাকুর, এইমসের এগজিকিউটিভ ডিরেক্টর রামজি সিং। উল্লেখ্য, কল্যাণীর এইমসে ২০১৯ সালে পঠন–পাঠন শুরু হয়। প্রথম ব্যাচে এমবিবিএস পাশ করেছেন ৪৮ জন। এদিন তাঁদের হাতে ডিগ্রির শংসাপত্র তুলে দেওয়া হয়।

কল্যাণীর সমাবর্তন অনুষ্ঠান শেষে দক্ষিণেশ্বরে মা ভবতারিণী মন্দিরে যান রাষ্ট্রপতি। পুজো দেওয়ার পর ধূপ দিয়ে আরতিও করেন। আশীর্বাদী পদ্মফুল নেন রাষ্ট্রপতি। এদিন রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন তাঁর মেয়ে ইতিশ্রী মুর্মু। মন্দিরে অছি পরিষদের সম্পাদক কুশল চৌধুরি রাষ্ট্রপতির হাতে বই, মা ভবতারিণীর ছবি ও একটি মানপত্র তুলে দেন। রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন মন্ত্রী অরূপ রায়।

রাজ্যে আদা, লঙ্কা, কলা, পান, তিলের হাব

সম্বৃতা মুখার্জি

রাজ্যের আট জেলায় ফসলের জন্য ১০ হাব তৈরি করতে চলেছে কৃষি বিপণন দপ্তর। যে জেলায়, যে ফসল ভাল উৎপাদন হয়, সেই জেলায় সেই ফসলের জন্য হাব তৈরি করা হবে। নাম দেওয়া হচ্ছে ‘পণ্য নির্দিষ্ট হাব’। রাজ্যের কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না বুধবার বলেন, ‘এই হাবগুলি তৈরির ফলে একদিকে যেমন কৃষকরা উপকৃত হবেন, অন্যদিকে কর্মসংস্থানও বাড়বে।’ এই হাব তৈরি করতে রাজ্যের খরচ হবে তিন হাজার কোটি টাকারও বেশি।

আলিপুরদুয়ারে তৈরি হবে দুটি হাব। মাদারিহাট কৃষক বাজারে সুপুরি হাব, কামাখ্যাগুড়ি মুখ্য বাজারে কলা ও পেঁপে রাইপেনিং হাব এবং বীরভূমের বোলপুর মুখ্য বাজার চত্বরে হবে লজিস্টিক হাব। দার্জিলিঙের শালবারি কৃষক বাজারে হবে আদা হাব। তিলের হাব তৈরি হবে হুগলির পুরশুড়া কৃষক বাজারে। মুর্শিদাবাদে হচ্ছে দুটি জায়গায়। রানিনগর–১ কৃষক বাজারে সরষে এবং হরিহর পাড়া কৃষক বাজারে লঙ্কা হাব হবে। উত্তর ২৪ পরগনার দেগঙ্গা কৃষক বাজারে গাজর হাব, পূর্ব মেদিনীপুরের তমলুকে পান পাতার হাব ও উত্তর দিনাজপুরে করণদিঘি কৃষক বাজারে ভুট্টা হাব হবে। দপ্তর জানিয়েছে, ২০২৪–২৫ এবং ২০২৫–২৬ সালের মধ্যেই ‘পণ্য নির্দিষ্ট বিপণন পরিকাঠামো’ তৈরির পরিকল্পনা করা হচ্ছে। রাজ্যের তৈরি বিভিন্ন জেলার ‘নিয়ন্ত্রিত বাজার সমিতি’গুলির পরিচালনায় এই হাবগুলিতে কৃষিজ পণ্য একত্রিত, বাছাই, গ্রেডিং ও ধুয়ে পরিষ্কার করার সুবিধে পাবেন। এর সঙ্গে প্যাকেটজাত, সংরক্ষণ, রাইপেনিং এবং পরিবহণের সুবিধাও পাবেন। ফসল কাটার পর কৃষিপণ্যগুলির দ্রুত প্রক্রিয়াকরণ সম্ভব হবে। ফলে ফসলের পচন আটকানো যাবে। উপকৃত হবেন কৃষকরা। এই প্রক্রিয়াজাত কৃষি পণ্য লাভজনক দামে বাজারজাত করতে পারবেন তাঁরা। শুধু তাই নয়, ক্রেতারাও এর ফলে উপকৃত হবেন। ভাল গুণমানের কৃষিপণ্য অনেক স্বল্পমূল্যে কিনতে পারবেন।

দপ্তরের তথ্য অনুযায়ী উৎপাদকের সংখ্যা আলিপুরদুয়ারে দু’জায়গা মিলিয়ে ৬ হাজার, বোলপুরে ৩০০, দার্জিলিঙে ১ হাজার, হুগলিতে ৮ হাজার ৫০০, মুর্শিদাবাদে দু’জায়গা মিলিয়ে ৮০০, উত্তর ২৪ পরগনায় ২ হাজার, পূর্ব মেদিনীপুরে ৬০০ এবং উত্তর দিনাজপুরে ১ হাজার ২০০। সব মিলিয়ে প্রায় ২০ হাজার ৫০০ কৃষক উপকৃত হবেন। এই হাব তৈরি করতে খরচ হবে মাদারিহাটে ২৮৯ কোটি ৬০ লক্ষ টাকা, কামাখ্যাগুড়িতে ২৪৫.৮৪ টাকা,

বোলপুরে ৪৪০ কোটি ৪৬ লক্ষ টাকা, শালবাড়িতে ১৯৪ কোটি ২৫ লক্ষ টাকা, পুড়শুড়ায় ২৯১ কোটি ১৭ লক্ষ টাকা রানিগরে ৩৮৮ কোটি ২৬ লক্ষ টাকা, হরিহরপাড়ায় ৩৮৭ কোটি ৬০ লক্ষ টাকা, দেগঙ্গায় ৩৮৭ কোটি ১০ লক্ষ টাকা, তমলুকে ১৮৫ কোটি ২৬ লক্ষ টাকা এবং করণদিঘিতে ৩৮৭ কোটি ৮৮ লক্ষ টাকা।

শতবর্ষে ওয়েবকুটা

শতবর্ষে পা রাখতে চলেছে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বা ওয়েবকুটা। ২ আগস্ট, শনিবার সমিতির এই শততম বর্ষে পদার্পণকে উদ্‌যাপন করার জন্য বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা হবে। ওইদিন রামমোহন লাইব্রেরি থেকে রাজাবাজার সায়েন্স কলেজ পর্যন্ত একটি পদযাত্রার আয়োজন করা হয়েছে। আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের প্রতিকৃতিতে মাল্যদান করা হবে। বিকেলে শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানের সূচনা করবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য আশিস ব্যানার্জি। ‘শতবর্ষের প্রেক্ষাপটে সমিতির ইতিহাস’ শীর্ষক স্মারক বক্তৃতা দেবেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য স্বপন প্রামাণিক।

প্রতারণা, গ্রেপ্তার ২

বেশি টাকা রিটার্নের টোপ দিয়ে লগ্নিকারীর ৬৪ লক্ষ টাকা প্রতারণার অভিযোগে ধরা পড়েছে দু’জন। লালবাজারের সাইবার থানার পুলিশ মঙ্গলবার গ্রেপ্তার করেছে রাকেশ সিং ও অঙ্কিত গোয়েঙ্কাকে। অভিযোগ, একটি নামী সংস্থার নাম করে অভিযোগকারীকে বেশি টাকা রিটার্নের টোপ দেয়। অভিযোগকারী ওই সংস্থায় ৬৪ লক্ষ ৬২ হাজার টাকা লগ্নি করে। পরে কোনও রিটার্ন না পেয়ে সাইবার থানায় অভিযোগ দায়ের করে। তদন্তে নেমে পুলিশ জোড়াবাগান ও দমদম থেকে পুলিশ ওই দু’জনকে গ্রেপ্তার করেছে।

ক্যাটেগরি নথিভুক্তির বিজ্ঞপ্তি এসএসসি–র

নবম–দশম এবং একাদশ–দ্বাদশের শিক্ষক– নিয়োগের পরীক্ষায় আবেদনকারীরা কোন্‌ ক্যাটেগরির, তা আবেদনপত্রে নথিভুক্ত করার বিজ্ঞপ্তি জারি করল স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)। ৫ থেকে ১১ আগস্টের মধ্যে আবেদনকারীরা কোন্‌ ক্যাটেগরির, এসসি, এসটি, ওবিসি, না জেনারেল, তা নথিভুক্ত করতে পারবেন। বুধবার কমিশনের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আবেদনপত্রের ‘এডিট অপশন’–এ নিয়ে তাঁরা কোন্‌ ক্যাটেগরির, তা জানাতে পারবেন আবেদনকারীরা। তবে এটি উল্লেখ করার পর সেই অনুসারে সংরক্ষণ মিলবে কিনা, তা ওবিসি নিয়ে সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায়ের ওপর নির্ভর করবে। এর আগে ওবিসি– সংরক্ষণ নিয়ে মামলা চলায়, আবেদনের সময় আবেদনকারী কোন্‌ ক্যাটেগরির তা উল্লেখ না করার কথা বলেছিল কমিশন। অন্যদিকে, আবেদনের সময় নাম, জন্মের তারিখ, সাল, লিঙ্গ, ফটোর ওপর নিজেদের স্বাক্ষর–সহ একাধিক বিষয়ে ভুল হয়ে থাকলে, আবেদনকারীদের তা সংশোধনের সুযোগ দিয়েছে কমিশন। এদিন থেকে ৩ আগস্ট পর্যন্ত ভুলভ্রান্তি সংশোধন করতে পারবেন নবম–দশম এবং একাদশ–দ্বাদশের শিক্ষক– নিয়োগের পরীক্ষায় বসা আবেদনকারীরা।

THE DURGAPUR PROJECTS LIMITED
Government of West Bengal Enterprise
Administrative Building, Dr. B.C. Roy Avenue
Durgapur-713201, Dist. Paschim Bardhaman
CIN No: U40102WB1961SGC025250

Recruitment Notice No. : DPL/Recruitment/ 2025/05

The Durgapur Projects Limited (DPL), invites applications from Indian Nationals to fill up the Position of **Senior Consultant - Land (Contractual).**

For details relating eligibility criteria etc., the candidates are requested to visit our website **www.dpl.net.in** & **www.wbpower.gov.in.**

ICA- N 346(3)/2025

GOVERNMENT OF WEST BENGAL
West Bengal Police Recruitment Board
Araksha Bhawan (5th floor), 6th Cross Road, Block - DJ, Sector - II, Salt Lake City, Kolkata - 700 091

RECRUITMENT TO THE POSTS OF SUB-INSPECTOR/ SUB-INSPECTRESS (UNARMED BRANCH), SUB-INSPECTOR (ARMED BRANCH) AND SERGEANT IN KOLKATA POLICE – 2023

Advertisement No. 01/2025/ WBPRB

1. Candidates who appeared in the Preliminary Examination in c/w recruitment to the post of **Sub-Inspector/Sub-Inspectress (Unarmed Branch), Sub-Inspector (Armed Branch) and Sergeant in Kolkata Police – 2023** and claimed their category as **More Backward (Category-A) or Backward (Category-B)** in their application forms are requested to visit our website on regular basis. A link will be provided in our website (**https://prb.wb.gov.in**) on **02.08.2025** for a period of **07 days** till **00:00 hrs.** of **09.08.2025** to change their category on the basis of their sub-castes as per Govt. Notification No. **1056-BCW/MR-33/2025 (Pt. I) dated 27th May 2025, 1057-BCW/MR-38/2025 dated 27th May 2025 and 1107-BCW/MR-38/2025 dated 03rd June 2025** of Secretary to the Govt. of West Bengal, Backward Classes Welfare Department. The candidates who will not provide their sub-caste will not be considered as More Backward (Category-A) or Backward (Category-B) candidate, but will be treated as Un-reserved candidate provided otherwise fit.

2. For any other change of caste and category [other than More Backward (Category-A) or Backward (Category-B)], prayer must be submitted alongwith proper documents from **01.08.2025 to 08.08.2025** during office hours either physically or through online from the concerned e-mail Id of the candidates as mentioned in their Application Form to our e-mail ID - **kpsiubabsergeant2023@gmail.com.**

The list of **140 (one hundred forty)** sub-castes included under More Backward (Category-A) or Backward (Category-B) vide the above Notifications will also be available in our website.

NB :- The result is subject to variation, depending upon the final outcome of the Court proceedings.

ICA- N 348(6)/2025

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)
WBSETCL
সিআইএন: U40101WB2007SGC113474 • www.wbsetcl.in

বিজ্ঞপ্তি নং.ঃ সিসি/মৌজা/২০২৫-২৬/০২ তারিখঃ ৩১.০৭.২০২৫

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে ডব্লুবিএসইটিসিএল নিম্নলিখিত প্রকল্পের কাজ হাতে নিয়েছেঃ-

লাইনের নাম, দৈর্ঘ্য, টিএও নং. ও তারিখ	মৌজার বিবরণী (জে.এল. নং.)
প্রস্তাবিত দেন্দুয়া এ-জোনের ২২০ কেভি সাব-স্টেশনে মাইথন-আসানসোল ২২০ কেভি ডি/সি ট্রান্সমিশন লাইনের ডি/সি লিলোর জন্য ২২০ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণ। ডি/সি (ওভারহেড) = ০.১৫ কি.মি. (আনুমানিক) এম/সি (ওভারহেড) = ৫.০০ কি.মি. (আনুমানিক) এম/সি (ইউজি) = ১.২০ কি.মি. (আনুমানিক) সিইসিপিডিটিএএ/২০২৫-২৬/০৬০ তারিখঃ ২০.০৬.২০২৫	পশ্চিম বর্ধমান জেলার সালানপুর থানার অধীনেঃ নাকরাজুরিয়া (২৬), মহেশপুর (২৪), শ্রীরামপুর (২৫), বারাবাই (২১), দেন্দুয়া (২০), রামডি (১৯), শ্রীশবেরিয়া (১৮), কলাদাবার (১৭), রামচন্দ্রপুর (৭), আল্লাদি (১৬), মুচিদি (১৪), পিথাখাড়ি (১২), মাঝলাদি (১৩), প্রতাপপুর (১৫)

উপরে উল্লিখিত প্রকল্পের নিয়ন্ত্রক অফিসার - অ্যাডিশনাল চিফ ইঞ্জিনিয়ার দুর্গাপুর ফিল্ড জোনাল অফিস, ট্রান্সমিশন প্রোজেক্ট, ডব্লুবিএসইটিসিএল, ফার্স্ট অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং (সেকেন্ড ফ্লোর), সিটি সেন্টার, দুর্গাপুর - ৭১৩২১৬

এই প্রসঙ্গে এই বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০০৩ সালের ভারতীয় বিদ্যুৎ আইন-এর অধীনে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ আইন ২০০৭ ধারার (ওভারহেড লাইন টানার/সংস্থাপনের জন্য পূর্ব অনুমোদন) যা প্রিন্সিপাল সেক্রেটারি, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দফতর-এর জারি করা বিজ্ঞপ্তি নম্বর ২৫০-পিও/ও/III/৩আর-০৮/২০০৭ তারিখ ০৯.০৮.২০০৭ বলে বিদ্যুৎ আইন ২০০৩-এর ৬৮ ধারার ১ উপধারা অনুযায়ী ওভারহেড লাইন টানার অথবা সংস্থাপনের জন্য রাজ্য সরকারের পূর্ণ অনুমোদন গ্রহণের সংস্থান প্রয়োগ রহিত ঘোষিত হওয়া ভারতীয় বিদ্যুৎ আইন ২০০৩-এর ১৬৪ ধারা ও ভারতীয় টেলিগ্রাফ আইন ১৮৮৫-এর পার্ট III অনুসারে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার দ্বারা ন্যস্ত ডব্লুবিএসইটিসিএল (পূর্বতন ডব্লুবিএসইবি) ১৬.০৮.২০০৫ তারিখে জারি হওয়া বিজ্ঞপ্তি নম্বর ২৮৫-পাওয়ার/III/৩আর-০৪/২০০৫ এবং পরবর্তী বিজ্ঞপ্তি নম্বর ১২-পিও/ও/III/৩আর-২৯/২০০৬ তারিখ ২৫.০১.২০০৭ সাপেক্ষে জানানো হচ্ছে যে উপরোক্ত কর্মসূচী রূপায়ণে বিদ্যুৎ সঞ্চালন ও বণ্টনের উদ্দেশ্যে এবং উল্লিখিত অঞ্চলে কোম্পানির কাজে যথোপযুক্ত সমন্বয় সাধনে টেলিগ্রাফিক অথবা টেলিফোনিক সঞ্চার ব্যবস্থা স্থাপনের জন্য উক্ত জেলার উল্লিখিত অঞ্চলে ট্রান্সমিশন লাইন, টাওয়ার, বৈদ্যুতিক তার, পোল, ওয়াল ব্রাকেট, স্টে, আনুষঙ্গিক যন্ত্রপাতির মধ্যে দিয়ে যাবতীয় স্থাপন ও নির্মাণের অধিকার কোম্পানির ওপর ন্যস্ত যা সংশ্লিষ্ট টেলিগ্রাফ কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত ও সংরক্ষিত বা ভবিষ্যতে করা হতে পারে এমন টেলিফোন লাইন সম্পর্কে ভারতীয় টেলিগ্রাফ আইন ১৮৮৫ অনুযায়ী টেলিফোন কর্তৃপক্ষের আছে। এই কর্মসূচী সম্পর্কে লাইসেন্সপ্রাপ্ত বিদ্যুৎ সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তির যদি কোনও বক্তব্য থাকে, তবে তা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৬০ দিনের মধ্যে উপরোক্ত দপ্তরে লিখিত ভাবে জমা দিতে হবে যে কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। কাজের বিবরণও সেখানে জানা যাবে। নির্দিষ্ট সময়সীমা অতিক্রান্ত হয়ে গেলে কোনও বক্তব্য গ্রাহ্য হবে না।

উল্লিখিত মৌজাসমূহের মধ্যে দিয়ে প্রস্তাবিত লাইনটি টানা হবে।

ICA- N 347(2)/2025 চিফ ইঞ্জিনিয়ার (প্রোজেক্টস)-II

পঞ্জাব নৈশনল বৈংক punjab national bank
...the name you can BANK upon!

বিক্রয় বিজ্ঞপ্তি, ই–নিলাম
তারিখ: ১৮.০৮.২০২৫

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর সিটি সেন্টার, রেড ক্রস রোড, দুর্গাপুর–৭১৩২১৬, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই–মেল: cs8222@pnb.co.in

ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের
শেষ তারিখ ও সময়: ১৮.০৮.২০২৫, দুপুর ২টো পর্যন্ত

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচের টেবিলে উল্লিখিত তারিখে ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য	ই–নিলামের তারিখ ও সময়
১	শাখা অফিস–০২০৯২০–মেমারি অ্যাকাউন্ট : মা মহামায়া রাইস মিল প্রাঃ লিঃ ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতাগণ/জামিনদার/অংশীদার: ১) মেসার্স মা মহামায়া রাইস মিল প্রাঃ লিঃ গ্রাম– মাঝেরগ্রাম, পোঃঅঃ– মধ্যমগ্রাম, থানা– মন্তেশ্বর, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৪২২ ২) মিঃ সন্দীপ হাজরা (ডিরেক্টর/ জামিনদার), পিতা– সাধন গোপাল হাজরা, রাইস মিল পাড়া, মেমারি, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১৪৬ ৩) মিসেস মধুমিতা হাজরা (ডিরেক্টর/ জামিনদার), প্রযত্নে– সত্য নারায়ণ কোনার, রাইস মিল পাড়া, মেমারি, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১৪৬	১. সামান্য কমবেশি ৫.৫৯ একর মাপের জমি, তৎসহ জমির মূল্য ও জমি উন্নয়নের খরচ সমেত এর উপরিস্থিত বা অংশবিশেষে নির্মিত বাড়ি, কারখানা, আচ্ছাদন ও অন্যান্য অতি–কাঠামো নির্মাণের খরচ অন্তর্ভুক্ত করে নিম্নোক্ত জমি ও আনুষঙ্গিক কাঠামোর সমবন্ধক যার অবস্থান: আর এস এবং এল আর প্লট নং ৪৬৬, ৪৬৩, ৪৬৪, ৪৬২, ৪৬১, ৪৬৫, ৪৬০ ও ৪৬৭, আর এস খতিয়ান নং ৮০৩/১ ও ৫৬৫, এল আর খতিয়ান নং ১০৮২, ৫৬৮, ৬১২, ১৪২৯, ১৭৩৫, ৮৭০, ১৪৩০, ২২, ১৯২ ও ১৭৯২, মৌজা– মাঝেরগ্রাম, জে এল নং ১৩৩, থানা– মন্তেশ্বর, জেলা– বর্ধমান, মাঝেরগ্রাম গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন। দলিল নং ২৫৬৩/০৬, ২৫৬৪/০৬, ২৫৬৬/০৬, ২৫৬৮/০৬, ২৫৬৯/০৬, ২৫৬৫/০৬, ২৫৬৭/০৬, ৩২৯/০৭, ৩৩০/০৭, ৩৩১/০৭ অনুসারে সম্পত্তির মালিকানা মেসার্স মা মহামায়া রাইস মিল প্রাঃ লিঃ–এর নামে।	ক) ১৪.০২.২০২২ খ) ২২.০৪.২০২২/ বাস্তবিক দখল ০২.০৮.২০২৩ গ) ₹১০,৩৮,৬৮,৭১৮.১৯ (দশ কোটি আটত্রিশ লক্ষ আটষট্টি হাজার সাতশো আঠারো টাকা এবং উনিশ পয়সা মাত্র) ১৪.০২.২০২২ তারিখ অনুসারে তৎসহ পুরো অর্থাঙ্ক প্রদান পর্যন্ত তার উপর পুনরায় সুদ এবং চার্জ।	ক) ₹১০,৫৮,৫৫,০০০ খ) ₹১,০৫,৮৫,৫০০ গ) ₹৫,০০,০০০/–	১৮.০৮.২০২৫ সকাল ১১টা থেকে বিকেল ৪টা

শর্ত ও নিয়মাবলি

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **১৮.০৮.২০২৫ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ রঞ্জন কুমার সাউ (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৬৫০৬০২৭৯০।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ৩০.০৭.২০২৫
স্থান: দুর্গাপুর

অনুমোদিত আধিকারিক,
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

pnb Housing Finance Limited Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ)–এর ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com
কলকাতা ব্রাঞ্চ: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘সি’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী ‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতা–এর এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/SKOL/ 0518/ 527549 শাখা অফিস: দক্ষিণ কলকাতা জিতেন্দ্র রাম/ সবিতা রাম	₹ ১৮,০৭,৬৭০.৫৪ ৩১.০১.২০২০ অনুসারে	বাস্তবিক দখল	৫/৯৩৭, কাটাগঞ্জ কলোনি, হোল্ডিং নং ২৪৬/১৭, পোঃঅঃ ও থানা– কাটাগঞ্জ, মৌজা– কাটাগঞ্জ, জে এল নং ৭৪, আর এস খতিয়ান নং ১৩১, এল আর খতিয়ান নং ৫৫১ ও ৫৩১, আর এস দাগ নং ২৪৪, এল আর দাগ নং ৫৩৬, থানা– কল্যাণী, পোঃঅঃ– কেন্দ্রীভবন, গয়েশপুর পুরসভার, ওয়ার্ড নং ১৬, জমির পরিমাপ ১১৪০ বর্গফুট, এর উপরিস্থিত দোতলা বাড়ি, যার প্রতি তলের নির্মিত এরিয়া ৭০০ বর্গফুট। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– এলওপি নং ৯৩৬; দক্ষিণ– প্লট ‘বি’ (নীতু সিং); পূর্ব– পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা; পশ্চিম– এলওপি নং এস৯৩৪।	₹ ১৭,২০,০০০/–	₹ ১,৭২,০০০/–	১৮.০৮.২০২৫	₹ ১০,০০০/–	১১.০৮.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৯.০৮.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টা	জানা নেই
HOU/SKOL/ 0119/631822 শাখা অফিস: কলকাতা ইন্দ্রভূষণ সিং / শেষনাথ সিং	₹ ১১,০৬,১১৪.৮২ ২৯.১২.২০২১ অনুসারে	বাস্তবিক দখল	স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ১২–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: ‘শ্রেয়া অ্যাপার্টমেন্ট’ নামে পরিচিত জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ৩ নং ফ্লোরের পিছনের অংশে, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬৩২ বর্গফুট (মার্বেলের মেঝে দেওয়া), তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত প্রায় ২ কাঠা ১৩ ছটাক ৩২ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বর্ত্ব ভোগদখলের সমানাধিকার, মৌজা– বালি, জে এল নং ১৪, তৌজি নং ৩৯৮৯, আর এস দাগ নং ৭৫৩, এল আর দাগ নং ১০৯২, আর এস খতিয়ান নং ৪৫৮৯৭, দুর্গাপুর অভয়নগর গ্রাম পঞ্চায়েত নং ২–এর এলাকাধীন, থানা– নিশ্চিন্দা, জেলা– হাওড়া, পিন–৭১১২০৫, তৎসহ উক্ত প্রেমিসেস সংক্রান্ত অপর সকল যৌথ এলাকা, সুযোগ–সুবিধা ইত্যাদি ভোগদখলের সমানাধিকার। ফ্ল্যাটের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– যৌথ পরিসর; দক্ষিণ– বিক্রেতার ফ্ল্যাট; পূর্ব– যৌথ পরিসর; পশ্চিম– বিক্রেতার ফ্ল্যাট।	₹ ৯,৩৬,০০০/–	₹ ৯৩,৬০০/–	১৮.০৮.২০২৫	₹ ১০,০০০/–	১১.০৮.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৯.০৮.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টা	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।
১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। ২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। ৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি বাদে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। ৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব–এর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই টোল ফ্রি নম্বরে: ১৮০০ ১২০ ৮৮০০ অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ৩১.০৭.২০২৫ অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড